সমকাল

তারিখ ..... 06 DEC 2017
পৃষ্ঠা ...... কলাম ......

## সরকারি স্কুলের শিক্ষকদের গ্রেড

সরকারি হাইস্কুলে দীর্ঘদিন ধরে বৈষম্য বিদ্যমান। দীর্ঘদিন ধরে সহকারী শিক্ষক; সহকারী হিসেবেই অবসর। মেধাবীরা এখানে এসে হতাশায় ভোগেন। সুযোগ পেলেই অন্য চাকরিতে চলে যান। ফলে প্রচুর পদ শূন্য হয়ে যায় এবং স্কুলগুলোতে তীব্র শিক্ষক সংকট দেখা দেয়। যদিও আমরা হাইস্কুলের শিক্ষক, তবু কিছু জেলায় (বেশিরভাগ) সংযুক্ত প্রাইমারি প্রথম থেকে পঞ্চম শ্রেণি খুলে রাখা হয়েছে। বর্তমানে কিছু জেলায় কলেজ শাখা, একাদশ-দ্বাদশ খোলা হয়েছে এবং এই হাইস্কুলের শিক্ষক দ্বারা পরিচালনা করা হচ্ছে। কলুর বলদের মতো খাটনি আর মূল্যায়ন, দীর্ঘদিন ধরে প্রমোশন নেই। গেজেটেড করার পর প্রায় ছয় বছর হয়ে গেল; কিন্তু কর্তাব্যক্তিরা এখনও নিয়োগবিধি তৈরি করতে পারলেন না। সরকারের কাছে অনুরোধ, শুধু বিসিএস পাস শিক্ষক নিয়োগ দিলেই হবে না, তাদের যথাযথ মূল্যায়ন করতে হবে। চূড়ান্ত নিয়োগবিধি তৈরির মাধ্যমে সহকারী শিক্ষক পদটিকে শুরুতেই নবম গ্রেডভুক্ত করার জোর দাবি জানাচ্ছি।

মো. আশরাফুল ইসলাম
চুয়াডাঙ্গা